



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

- পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
বাকাশিবো, ঢাকা
- পরিচালক (কাঃ/আইসি/ডি/সি)
 পরিদর্শক
 উপসচিব (প্রশাসন/রোজঃ)
 উপসচিব (বিএম/ডি/প্রোগ্রামা)
 উপসচিব (গোপনীয়/ডোকঃ)
 উপসচিব (সনদ/শর্টকোর্সঃ)
 সিস্টেম এনালিস্ট
 স্প্যানি (কৃষি/টেক্সঃ)
 প্রেস ম্যানেজার
 ব্যক্তিগত সহকারি
- তারিখ: ২ কার্তিক ১৪২৮
১৮ অক্টোবর ২০২১

নম্বর: ৫৭.০০.০০০০.০৫৩.৩৩.০০১.২১. ২৯৯

প্রজ্ঞাপন

চলমান বৈশ্বিক অতিমারি (Pandemic) কোভিড-১৯ জনিত কারণে ২০২১ সালে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় অনুষ্ঠিতব্য ডিপ্লোমা পর্যায়ের বিভিন্ন শিক্ষাক্রমের পর্ব সমাপনী পরীক্ষাসমূহ (নিয়মিত ও অনিয়মিত) যথাসময়ে গ্রহণ করা সম্ভব হয়নি।

০২। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ডিপ্লোমা পর্যায়ের বিভিন্ন শিক্ষাক্রমের ২০২১ সালের পরীক্ষাসমূহ কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষার্থীদের প্রস্তুতি বিবেচনায় নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করে পরীক্ষা গ্রহণের জন্য নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- (ক) সকল প্রবিধানের আওতায় পরীক্ষার প্রশ্নপত্রে মুদ্রিত মোট নম্বরের ৫০% নম্বরের উত্তর দিয়ে পরীক্ষা গ্রহণ (সকল বিভাগের যে কোন প্রশ্ন মিলিয়ে)।
(খ) সকল বিষয়ের ০৩ ঘণ্টার পরীক্ষা ০২ ঘণ্টা এবং ০২ ঘণ্টার পরীক্ষা ০১ ঘণ্টা ৩০ মিনিট সময়ে গ্রহণ।
(গ) প্রতিটি বিষয়ে পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বরের দ্বিগুন করে ফলাফল নির্ধারণ।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন, ২০২১ এর ৮(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে উপরোল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের আলোকে পরীক্ষার ফলাফল প্রস্তুত, প্রকাশ ও সনদ বিতরণের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-কে ক্ষমতা প্রদান করা হলো।

০৪। এ প্রজ্ঞাপন জারির ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে। এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

সচিব মহোদয়ের দপ্তর
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ক্রমিক নং.....
স্বাক্ষর ও তারিখ.....

১৮-১০-২০২১

রোকসানা রহমান
উপসচিব